দামুড়হুদায় গ্রীষ্মকালীন স্কুল ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪টায় ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনালে কলাবাড়ী রামনগর মাধ্যমিক বিদ্যালয় ও মদনা মাধ্যমিক বিদ্যালয় মুখোমুখি হয়। খেলায় নির্ধারিত সময়ে গোল না হওয়ায় ট্রাইবেকারে সমাপ্ত হয়। ট্রাইবেকারে মদনা মাধ্যমিক বিদ্যালয় ৪-৩ গোলে কলাবাড়ী রামনগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলায় প্রধান রেফারির দায়িত্ব পালন করেন বাফুফে সনদপ্রাপ্ত রেফারি ও ক্রীড়া শিক্ষক তারিকুল ইসলাম মাসুম,সহকারী হিসেবে দায়িত্ব পালন করেন আব্দুল খালেক ও ইব্রাহিম হোসেন। এর আগে কাবাডি প্রতিযোগিতা, হ্যান্ডবল প্রতিযোগিতা ও বালিকাদের ফুটবল ফাইনাল অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস,উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

এছাড়া উপস্থিত ছিলেন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক প্রমূখ। আলোচনা সভা শেষে সকল ইভেন্টে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ইকবাল হোসেন ।